


## ষষ্ঠ অধ্যায়: বিষয়ভিত্তিক ছবি ও নকশা অঙ্কন

পাঠ-১, ২ ও ৩ : কর্মরত মানুষের অনুশীলন;  
মানুষ ও বিভিন্ন প্রাণীর ছবি আঁকার অনুশীলন;  
বিভিন্ন প্রাণী আঁকার অনুশীলন | Text পৃষ্ঠা-  
৩৫-৩৭

১. যা নিয়ে ছবি আঁকা হয় তাকে ছবির কী বলা হয়? (জ্ঞান)
  - ক বিষয়
  - খ আকৃতি
  - গ উপাদান
  - ঘ ধরন
২. ছবি আঁকার পূর্বে কোন কাজটি খুব গুরুত্বপূর্ণ? ✖  
(উচ্চতর দক্ষতা) /নাসিরাবাদ সরকারি বালক উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম/
  - ক তুলি রং-এ ভিজিয়ে নেওয়া
  - খ সকলের নিকট থেকে উপদেশ নেওয়া
  - গ বিষয়টি ভালোভাবে বুঝে নেওয়া
  - ঘ কাগজ নিয়ে গবেষণা করা
৩. কোন বিশেষ বিষয়কে বা ঘটনাকে নিয়ে যে ছবি আঁকা হয় তাকে কোন ধরনের ছবি বলে? (অনুধাবন)
  - ক প্রাকৃতিক দৃশ্যের ছবি
  - খ ব্যক্তিগত ছবি
  - গ প্রণালীভিত্তিক ছবি
  - ঘ বিষয়ভিত্তিক ছবি
৪. কর্মরত মানুষের ছবি এঁকে সকলের মাঝে কোনটি তুলে ধরা সম্ভব? (অনুধাবন)
  - ক মিশ্র চিন্তা তুলে ধরা
  - খ তাদের ব্যক্তিগত জীবন তুলে ধরা
  - গ তাদের কষ্টসাধ্য জীবনের কথা
  - ঘ জীবনের লক্ষ্য তুলে ধরা
৫. চলমান বিষয়বস্তুর চিত্রাঙ্কনে কোনটি প্রয়োজন? ✖  
(অনুধাবন) /মোমেনা আলী বিজ্ঞান স্কুল, উলাপাড়া, সিরাজগঞ্জ/
  - ক স্থবির প্রদর্শন
  - খ তাড়াহুড়া করে আঁকা
  - গ দ্রুত গতির দেখা
  - ঘ ছাপ দিয়ে আঁকা
৬. ধীরগতির চিত্রাঙ্কন দরকার হয় কখন? (জ্ঞান)
  - ক স্থির বিষয়ের ক্ষেত্রে
  - খ চলমান বিষয়ের ক্ষেত্রে
  - গ জটিল বিষয়ের ছবিতে
  - ঘ ক্যানভাসে আঁকার জন্যে
৭. মানুষের চলাফেরা কিংবা দৌড়ানোর সময় শরীরের মধ্যে পরিবর্তন ঘটে কীসের? (উচ্চতর দক্ষতা)
  - ক হাড়ের কাঠামোর
  - খ কঙ্কালতন্ত্রের
  - গ মাংসপেশীর
  - ঘ স্নায়ুতন্ত্রের
৮. কোনো ব্যক্তিকে বসিয়ে ছবি আঁকতে গেলে কোন ধরনের গতি রেখায় আঁকতে হবে? (জ্ঞান)
  - ক চলমান গতির রেখায়

- খ ধীরগতির রেখায়
- গ কঠিন রেখার আচর কেটে
- ঘ গতিটিকে মাঝামাঝি পর্যায়ে রেখে

৯.



উপরের চিত্রগুলোতে আমরা কী দেখছি? (প্রয়োগ)

- ক ব্যায়ামের কিছু কৌশল
- খ চিত্রকলার কিছু ভঙ্গিমা
- গ রেখা দিয়ে আঁকা মানুষের ভঙ্গিমার গতিময় রূপ
- ঘ রোবটিক চলাফেরা

১০. কোনটি আয়ত্তের মাধ্যমে প্রাণীর চিত্রাঙ্কন সহজ হয়? (অনুধাবন)

- ক মানুষের ছবি
- খ যানবাহনের ছবি
- গ যন্ত্রাংশের ছবি
- ঘ পানির ছবি

১১. বিষয়ভিত্তিক ছবি আঁকার পূর্বে আঁকিয়ের যে ধরনের সুস্পষ্ট ধারণা থাকতে হবে তা হলো — (অনুধাবন)

- i. সংশ্লিষ্ট বিষয় সম্পর্কে
  - ii. ঘটনা সম্পর্কে
  - iii. বিষয়টি বুঝে নেওয়া
- নিচের কোনটি সঠিক?

- ক i ও ii
- খ i ও iii
- গ ii ও iii
- ঘ i, ii ও iii

১২. বিষয়ভিত্তিক ছবির অন্তর্ভুক্ত হলো — (অনুধাবন)

- i. মুক্তিযুদ্ধ
- ii. বিজয় দিবস
- iii. বৈশাখী মেলা

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii
- খ i ও iii
- গ ii ও iii
- ঘ i, ii ও iii

১৩. যে সকল বিষয় পর্যবেক্ষণ করলে আমরা সহজেই একটি প্রাণীর ছবি আঁকতে পারি, তা হলো — (অনুধাবন)

- i. প্রাণীর গতিবিধি
  - ii. আকার-আকৃতি
  - iii. প্রকৃতি
- নিচের কোনটি সঠিক?

- ক i ও ii
- খ i ও iii
- গ ii ও iii
- ঘ i, ii ও iii

১৪. কর্মরত মানুষদের জীবনযাপনের দৃশ্য হলো —

(অনুধাবন)

- রোদে পুড়ে কর্মরত
- বৃষ্টিতে ভিজে কর্মরত
- ছায়াতে বসে কর্মরত

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii                      ঘ i ও iii  
গ ii ও iii                      ঘ i, ii ও iii

১৫. যে সকল বিষয়বস্তুর চিত্রাঙ্কনে তাড়াতাড়ি রেখা টানতে হয় তা হলো— (অনুধাবন)

- চলমান
- গতিময়
- ধীর স্থির

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii                      ঘ i ও iii  
গ ii ও iii                      ঘ i, ii ও iii

নিচের চিত্রটি দেখো এবং ১৬ ও ১৭নং নং প্রশ্নের উত্তর দাও।



১৬. উপরের ছবিটির মূল বিষয় কী? (প্রয়োগ)

- ক রিকশা                      খ শাকসবজি  
গ মাইক                      ঘ কর্মরত মানুষ

১৭. উপরের ছবিটিতে মানুষের যে সকল কষ্টসাধ্য বিষয় ফুটে উঠেছে তা হলো— (উচ্চতর দক্ষতা)

- রিকশাওয়ালার প্রতিকূল জীবনযাপন
- রিকশায় বসে কর্মে পৌছানো
- মজুরের রোদে পুড়ে কষ্টসাধ্য জীবন

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii                      ঘ i ও iii  
গ ii ও iii                      ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও।

অমল তার ছোট ভাই কমলকে সামনে বসিয়ে তার প্রতিকৃতি আঁকছে। অমলের একটু ব্যস্ততা থাকায় সে দ্রুতগতির রেখা একে তাড়াতাড়ি ছবি একে চলে গেল। ছবিটি কমলের অপছন্দ হওয়ায় সে চিত্রা করলো শহরে বড় শিল্পীর কাছে গিয়ে নিজের প্রতিকৃতি আঁকিয়ে আনবে।

১৮. অমল কোন ধরনের ছবি আঁকছিল? (প্রয়োগ)

- ক চলমান চিত্র                      খ স্থির চিত্র  
গ সম্পর্কের চিত্র                      ঘ পারিবারিক চিত্র

১৯. অনুচ্ছেদের চিত্রটি কোন ধরনের রেখা দিয়ে অমলের আঁকা উচিত ছিলো? (উচ্চতর দক্ষতা)

- ক ধীরগতির রেখা                      খ চলমান রেখা  
গ উল্লম্ব রেখা                      ঘ সমান্তরাল রেখা